মজুরি বৃদ্ধির দাবিতে ঢাকা-নারায়ণগঞ্জ সড়কে শ্রমিকদের অবরোধ



ছবি: সংগৃহীত

ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা নির্ধারণের দাবিতে ঢাকা-নারায়ণগঞ্জ লিংক রোড অবরোধ করেছেন পোশাক কারখানার শ্রমিকেরা। সোমবার (২ নভেম্বর) বেলা ১১টার দিকে ফতুল্লার শিবু মার্কেট এলাকায় সড়কে অবস্থান নেন তাঁরা। এতে সড়কের দুই পাশে যান চলাচল বন্ধ হয়ে তীব্র যানজটের সৃষ্টি হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে কুতুবাইল কাঠেরপুল এলাকার মেট্রো নিটিং, পলমল গার্মেন্টস, আবির ফ্যাশন ও আজাদ-রিফাত ফাইবার্সের শ্রমিকেরা একত্র হন। পরে বেলা ১১টার দিকে তাঁরা মিছিল নিয়ে ঢাকা-নারায়ণগঞ্জ লিংক রোডের শিবু মার্কেট এলাকায় গিয়ে সড়ক অবরোধ করেন। এ সময় হাতে লাঠি নিয়ে সড়কের দুই পাশে অবস্থান নেন শ্রমিকেরা। এতে যানবাহন চলাচল পুরোপুরি বন্ধ হয়ে যায়। অবরোধ চলাকালে বিক্ষুব্ধ শ্রমিকেরা তিন থেকে চারটি সিএনজিচালিত অটোরিকশা ভাঙচুর করেন।

আন্দোলনরত শ্রমিকেরা জানান, দ্রব্যমূল্যের লাগামহীন ঊর্ধ্বগতিতে সংসার চালানো কঠিন হয়ে পড়েছে। বর্তমান মজুরি দিয়ে সন্তানদের নিয়ে জীবনযাপন করা সম্ভব হচ্ছে না। তাঁদের দাবি, ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা নির্ধারণ না করলে সংসার চালানো কোনোভাবেই সম্ভব নয়। এ কারণেই তাঁরা বাধ্য হয়ে সড়কে নেমেছেন।

পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ কাজ করছে বলে জানিয়েছেন জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ ও অপারেশন) তারেক আল মেহেদী। তিনি বলেন, পুলিশ ঘটনাস্থলে পৌঁছে শ্রমিকদের সঙ্গে কথা বলছে। পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা চলছে।

ফতুল্লা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহবুব আলম জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশের একাধিক দল কাজ করছে। শ্রমিকদের বুঝিয়ে সড়ক থেকে সরিয়ে যান চলাচল স্বাভাবিক করার চেষ্টা চলছে।